

একুশের বইমেলা প্রস্তুতি

একুশে একাডেমী আয়োজিত একুশে বই মেলার ২০০৫ এর প্রস্তুতি এখন পুরোদমে চলছে। স্থানীয় সামারহীল কমিউনিটি সেন্টার এখন সিডনির ক্ষুদে শিল্পীদের কলকাকলি আর পদচারণায় মুগ্ধ। ছোট ছোট সোনামনিদের নাচ, গান, ছড়া আর নাট্যরসে সরগরম হয় সামারহীল কমিউনিটি সেন্টার প্রতি রবিবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৭টা আবেশ। আগ্রহী পিতা-মাতাদের এখনো যোগাযোগের জন্য উন্মুক্ত রাখা হয়েছে একুশে একাডেমীর দুয়ার।

এছাড়া বড়দের একক ও দলীয় সঙ্গীত, কবিতা আবৃত্তি, পুথি পাঠ, গণসঙ্গীতের রিহার্সেল চলছে একসাথে। কবিতা আবৃত্তিতে অংশগ্রহণে আগ্রহীদের এ সপ্তাহের মধ্যে যোগাযোগের অনুরোধ করছে একুশে একাডেমী। কবিতার জন্য যোগাযোগ, শামীম-০৪৩২০১৮৫২০।

বইমেলা উপলক্ষে প্রকাশিতব্য আন্তর্জাতিক সংকলন 'মাতৃভাষা' -য় লেখার জন্য যোগাযোগ করুন, ডঃ স্বপন পাল, ০৪১৭০৪৭৯১৪। ভাষার উপর লেখা, কবিতা, সংগ্রহ, পুথি, পালা, বাংলার গান ও কবিতার উপর বিশ্লেষণী প্রবন্ধ, একুশের তাৎপর্য ও এর চেতনার উপর গবেষণা মূলক লেখার জন্য অনুরোধ করা হচ্ছে।

বই-এর স্টল, প্রকাশনা ও এ সংক্রান্ত তথ্যাদির জন্য যোগাযোগ করুন, নেহাল নেয়ামুল বারী, ০৪০২৩০১২৯৩।

একুশে একাডেমীর অন্যতম আয়োজন রক্তদানে নাম অন্তর্ভুক্তির জন্য যোগাযোগ করুন, অভিজিৎ বড়ুয়া, ০৪২২২৪৮২৯৬ অথবা ডঃ সুলতান মাহমুদ ০৪২১৮৯৪২২৯।

প্রেস বিজ্ঞপ্তিঃ ডঃ সুলতান মাহমুদ, সাধারণ সম্পাদক, একুশে একাডেমী।